

জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১০৬০/২০২১

তারিখ: ০২ আগস্ট ২০২১  
১৮ শ্রাবণ ১৪২৮

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক  
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

**বিষয়: এনজিও লিংকেজ ঋণের সুদ হার ৯% চলমান রাখা।**

প্রিয় মহোদয়,


কৃষি ও পল্লী ঋণের সুদ হার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১০৫১/২১ তারিখ ২০ জুন ২০২১-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত নির্দেশ বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ২(গ) এ পল্লী ঋণের আওতায় এনজিও লিংকেজ ঋণের সুদ হার ৮% উল্লেখ রয়েছে।

বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ কর্তৃক জারিকৃত বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ নীতিমালা মোতাবেক বর্তমানে এনজিও লিংকেজ ঋণ কৃষি ও পল্লী ঋণের আওতাভুক্ত নয়।

পরিচালনা পর্ষদের ২৮ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত ৬৭৬তম সভায় বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ কর্তৃক জারিকৃত বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ নীতিমালা পরিপালনকল্পে নির্দেশ বিজ্ঞপ্তি ১০৫১/২০২১ তারিখ ২০ জুন ২০২১-এর অনুচ্ছেদ ২(গ) বাতিলপূর্বক এনজিও লিংকেজ ঋণের সুদ হার ৯% চলমান রাখার (ইতোমধ্যে ৮% সুদ আরোপ হয়ে থাকলে তা সংশোধনসহ) নির্দেশনা প্রদান করা হয়।


পরিচালনা পর্ষদের উক্ত নির্দেশনা সকলের অবগতি ও পরিপালনের জন্য জারি করা হলো। ইতোমধ্যে ৮% সুদ আরোপ হয়ে থাকলে তা সংশোধনসহ ৯% সুদ হার কার্যকর হবে।

এতদবিষয়ে কোনো তথ্য/স্পষ্টীকরণ প্রয়োজন হলে রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৪ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

  
০২.০৮.২০২১  
সুলতানা রাজিয়া

সহকারী মহাব্যবস্থাপক-ইনচার্জ

আপনাদের বিশ্বস্ত,

  
০২.০৮.২১.  
মোঃ আসাদুজ্জামান  
মহাব্যবস্থাপক